যুগান্তর

তারিখ ... 19 AUG 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

# আ'লীগে যোগ দিলেন গোদাগাড়ী কলেজের ৮৮ শিক্ষক-কর্মচারী

রাজশাহী ব্যুরো

রাজশাহীর গোদাগাড়ী কলেজের ৮৮ শিক্ষক ও কর্মচারী আনুষ্ঠানিকভাবে এলাকার সংসদ সদস্য ওমর ফারুক চৌধুরীর হাতে ফুল দিয়ে আওয়ামী লীগে যোগদান করেছেন। মঙ্গলবার সকাল সাড়ে ১১টায় কলেজের হলরুমে আয়োজিত অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ আবদুর রহমানের নেতৃত্বে ৭৪ শিক্ষক ও ১৪ কর্মচারী আনুষ্ঠানিকভাবে দলে যোগদান করেন।

গোদাগাড়ী পৌর আওয়ামী লীগের সভাপতি অয়েজ উদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গোদাগাড়ী কলেজ গভর্নিং বডির সভাপতি বদরুজ্জামান রবু মিয়া। অনুষ্ঠানে দেয়া বক্তব্যে কলেজের অধ্যক্ষ আবদুর রহমান বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ

দিলেন : পৃষ্ঠা ৭ : কলাম ২

## দিলেন : আ'লীগে যোগ

(৩য় পৃষ্ঠার পর)

মুজিবুর রহমানের আদর্শে অনুপ্রাণিত হয়ে ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের রাজনীতিকে এগিয়ে নিতেই তারা আওয়ামী লীগে যোগ দিলেন।

যোগদানকারী শিক্ষক ও উপজেলা বিএনপির শিক্ষাবিষয়ক সম্পাদক এবিএম কামরুজ্জামান বকুল, শিক্ষক আবদুল হান্নান, আইয়ুব আলী ও ফারুক হোসেন বক্তব্য রাখেন। এছাড়া যোগদানপত্রে স্বাক্ষর করেন গোদাগাড়ী পৌর শাখা জিয়া পরিষদের সাধারণ সম্পাদক ও কলেজের শিক্ষক মাইনুল ইসলাম, বিএনপি নেতা ও শিক্ষক মাজহারুল ইসলাম, সাবেক ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী ও বিএনপি নেতা ব্যারিস্টার আমিনুল হকের মামাতো বোন কলেজ শিক্ষক ফরিদা ইয়াসমিন রোজি, খালাতো বোন শিক্ষক তানজিলা খাতুন লুসি, চাচাতো বোন জিন্নাতুন নেসা ও মামাতো ভগ্নিপতি আসাফুদ্দৌলা। এছাড়াও সহকারী অধ্যাপক মঞ্জুরুল ইসলাম, নাসিমুল ইসলাম নাসিম, শহিদুল ইসলাম, গোলাম মাহমুদ ডাবলু, ইকবাল হোসেনও যোগদানের তালিকায় রয়েছেন।